গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১,তেজগাঁও শিল্প এলাকা,ঢাকা।
www.bnfe.gov.bd

স্মারক নং উশিব্যু/লজিঃ/গাড়ী রক্ষণাবেক্ষণ/০৬/০৬/ ৫৫

তারিখঃ ২০ বৈশাখ ১৪১৭
০৩ মে ২০১০

## দরপত্রদাতা/প্রতিষ্ঠানের জন্য নির্দেশাবলী

১। ক্রয়কৃত দরপত্র দলিলের প্রতি পৃষ্ঠায় দরদাতা/প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর ও সীলমোহর সন্নিবেশ করে দরপত্র দাখিল করতে হবে।

২। দরপত্রের সাথে দরপত্র দাখিলকারী দাতা/প্রতিষ্ঠানের হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর, ভাট পরিশোধের সনদের হাল নাগাদ সত্যায়িত (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তার কর্তৃক সত্যায়িত) ফটোকপি দাখিল করতে হবে। বিধি মোতাবেক দর দাতাকে ট্রেড, ভ্যাট, পরিশোধ করতে হবে।

৩। দরপত্রে উদ্ধৃত মোট দরের সমপরিমাণ টাকা Notification of award প্রাপ্তির পর যে কোন সময়ে নগদে পরিশোধ করার সক্ষমতার স্বপক্ষে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক কর্তৃক প্রদত্ত নিশ্চয়তাপত্র /ব্যাংকে নগদ জমা থাকার স্বপক্ষে ব্যাংক কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায়, দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং উক্ত দরপত্র কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। দরপত্রে গাড়ীর সংখ্যা, টাকার পরিমান ইত্যাদি সুস্পষ্ঠভাবে উল্লেখ করতে হবে। কোনরুপ ঘষামাজা/উপরিলিখন (ওভার রাইটিং) বা কাটাকাটি অথবা কোন অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং এ ধরণের দরপত্র কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। প্রত্যেক দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত দরের ২৫% এর সমপরিমাণ টাকা জামানত হিসেবে (অকৃতকার্য দরপত্র দাতার ক্ষেত্রে সম্পূর্ণ ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায়, দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং এ ধরণের দরপত্র কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।

৬। দরপত্র দলিলে সংযোজিত সিডিউল অনুযায়ী দরপত্র দাখিল করতে হবে।

৭। দরপত্র সিডিউলে বর্ণিত গাড়ী সমূহের একক দাম ও মোট দাম উল্লেখসহ দর দাখিল করতে হবে।

৮। সরকার কর্তৃক প্রাককলিত মূল্যের নিম্নে দরপত্র অনুমোদিত হবেনা।

৯। কোন কারণ দর্শানো ছাড়া যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ঢাকা ২৩২/১, তেজগাঁও

C:\Documents and Settings\Administrator\Desktop\Dextop\Logistic\Notice.doc

১০। এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৩/০৬/২০১০ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত বিবরণ অনুসারে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয়ে রক্ষিত গাড়ী সমূহ সরেজমিনে দেখা যাবে।

গাড়ীর বিবরণ নিম্নরূপঃ

| ক্রমিক | গাড়ীর নম্বর | তৈরীর সন | গাড়ীর ধরণ |
|---|---|---|---|
| ০১ | ঢাকা মেট্রো-ঙ-০২-১২১৭ | ১৯৯৭ | কার |
| ০২ | ঢাকা মেট্রো-চ-৫১-৪২১৭ | ২০০২ | মাইক্রোবাস |
| ০৩ | ঢাকা মেট্রো-চ-১১-০৩০৯ | ১৯৯৭ | মাইক্রোবাস |
| ০৪ | ঢাকা মেট্রো-ঘ-১১-১৪৯৯ | ১৯৯৭ | জীপ |
| ০৫ | ঢাকা মেট্রো-চ-৫১-০২৭১ | ১৯৯৭ | মাইক্রোবাস |
| ০৬ | ঢাকা মেট্রো-ঘ-০২-২৭১৫ | ১৯৯৭ | জীপ |
| ০৭ | ঢাকা মেট্রো-ঘ-০২-২৮০৬ | ১৯৯৭ | জীপ |
| ০৮ | ঢাকা মেট্রো-ঘ-১১-১৬০১ | ১৯৯৭ | জীপ |
| ০৯ | ঢাকা মেট্রো-ক-০৩-২৮৭০ | ১৯৯৭ | কার |
| ১০ | ঢাকা মেট্রো-ঘ-১১-২২৫০ | ১৯৯৭ | জীপ |
| ১১ | ঢাকা মেট্রো-ঘ-১১-১৫০৬ | ১৯৯৭ | জীপ |

১১। নির্বাচিত দরপত্র দাতাকে Notification of award প্রাপ্তির ০৫(পাঁচ) অফিস কার্যদিবসের মধ্যে মালামালের সমুদয়(১০০%) মূল্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর অনুকূলে পরিশোধ করতে হবে।

১২। সমুদয় মূল্য পরিশোধের পর কার্যাদেশ প্রদান করা হবে এবং কার্যাদেশে উল্লিখিত নির্ধারিত সময়/তারিখের (সর্বমোট সর্বাধিক ১০ দিন) মধ্যেই গাড়ী সমূহ গ্রহণপূর্বক সরিয়ে নিতে হবে। অন্যথায় সম্পূর্ণ টাকা বাজেয়াপ্তসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিক্রয়কৃত গাড়ী অপসারণের লেবার, লোডিং, আনলোডিং ও ক্যারিংসহ যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট দরদাতা বহন করবে।

১৪। বিক্রয়কৃত গাড়ী অপসারণকালে সংশ্লিষ্ট স্থাপনার কোন প্রকার ক্ষতি সাধিত হলে তা কর্তৃপক্ষ কর্তৃক মেরামত/প্রতিস্থাপনের সম্পূর্ণ ব্যয়ভার সংশ্লিষ্ট দরদাতা বহন করবে। অন্যথায় জামানতের টাকা থেকে উক্ত ব্যয়িত অর্থ কর্তনের মাধ্যমে আদায় করা হবে।

১৫। সম্পূর্ণ সন্তোষজনকভাবে সমুদয় গাড়ী অপসারণের পর কোন প্রকার আদায়ের প্রয়োজন না হলে জামানতের টাকা ফেরত প্রদান করা হবে এবং কোন প্রকার আদায়ের প্রয়োজন হলে, উক্ত পরিমান টাকা জামানতের টাকা থেকে কর্তন মাধ্যমে আদায় পূর্বক অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হবে।

১৬। সরকারী নিয়মানুযায়ী সকল প্রকার ট্যাক্স/ভ্যাট এর টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে।

১৭। অনিবার্য কারণে এ বিক্রয় কার্যক্রম বাতিল করা হলে অথবা কোন পরিবর্তন সাধিত হলে দরদাতা আর্থিক সুবিধাসহ কোন প্রকার দাবী-দাওয়া পেশ করতে পারবেন না বা করলে শর্তানুযায়ী তা গ্রাহ্য হবে না।

১৮। দরপত্র দলিলে উল্লিখিত গাড়ী বিক্রেতা হিসেবে মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কে বুঝাবে।

১৯। দরপত্র দলিলের গাড়ী ক্রয়েচ্ছু বলতে সংশ্লিষ্ট দরদাতাকে বুঝাবে।

২০। বিক্রয় দরপত্রের যাবতীয় কার্যাদি বাংলাদেশে প্রচলিত আইন ও সরকারী বিধি-বিধান মতে সম্পাদিত হবে।

২১। বিক্রয়কৃত গাড়ীর কোন আংশিক মূল্য পরিশোধ এবং কোন আংশিক ডেলিভারী প্রদান করা হবে না।

২২। অফিস চলাকালীন বিক্রয়তব্য গাড়ী সমূহ গ্রহণ করতে হবে।

২৩। গাড়ী সরবরাহ গ্রহণের ব্যাপারে জাতীয় দুর্যোগ/প্রাকৃতিক দুর্যোগ অনিবার্য কারণ ব্যতীত কার্যাদেশে উল্লিখিত সময়ের কোন পরিবর্তন করা যাবে না।

২৪। দরপত্রে দাখিলকৃত দরের মোট টাকার পরিমান অংকে এবং কথায় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২৫। দরপত্রের কোন শর্ত কোনক্রমেই শিথিল করা যাবেনা এবং এ সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

২৬। দরপত্রদাতা কর্তৃক এ দরপত্র দালিলের মূলকপিসমূহ যথাযথভাবে পূরণ ও তারিখসহ স্বাক্ষর ও সীলমোহর সন্নিবেশ করে দাখিল করতে হবে।

২৭। দরপত্র দাখিলের পর দরপত্রের দর বা এর কোন কিছুর কোন প্রকার সংশোধন বা পরিবর্তন করা যাবেনা।

২৮। একজন দরপত্র দাতা এক বা একাধিক গাড়ীর জন্য দরপত্র দাখিল করতে পারবেন।

২৯। দরপত্র দাখিলের খামের উপর সুস্পষ্টভাবে গাড়ীর বিবরণ উল্লেখ করতে হবে।

৩০। দরপত্র কার্যক্রমের যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে। হবে।

(এ.এফ.এম ফারুক হোসেন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৮৬৩০৭৮

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ঢাকা ২৩২/১, তেজগাঁও শি/এ

# ঘোষণা পত্র

## (প্রতিষ্ঠানের নামাঙ্কিত প্যাডে/ব্যক্তির ক্ষেত্রে সাদা কাগজে)

বরাবর

মহাপরিচালক
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

**বিষয়ঃ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সমাপ্তকৃত প্রকল্প সমূহের পুরাতন গাড়ী ক্রয়ের অংগীকারনামা দাখিল।**

সূত্রঃ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর স্মারক নং-উশিব্যু/লজিঃ/গাড়ী রক্ষঃবেক্ষঃ/০৬/০৬/ তারিখ-

জনাব,

বিনীত নিবেদন এই যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর স্মারক নং-উশিব্যু/লজিঃ/গাড়ী রক্ষঃ বেক্ষঃ/০৬/০৬ / তারিখ-------------------মোতাবেক জারীকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে এ মর্মে ঘোষণা প্রদান করছি যে, দরপত্র বিজ্ঞপ্তি ও দরপত্র দলিলে উল্লিখিত যাবতীয় বিবরণ ও তথ্য এবং শর্ত যথাযথভাবে অনুসরণ ও অনুধাবন করে অত্র প্রতিষ্ঠান কর্তৃক দরপত্র দাখিল করা হয়েছে। উক্ত দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক সদয় বিবেচিত ও গৃহীত হলে দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ও কার্যাদেশের শর্তসহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত সকল শর্ত মেনে যথাসময়ে যথাযথভাবে গাড়ী গ্রহণ করার বিষয়ে এতদ্বারা অংগীকার প্রদান করছি এবং কর্তৃপক্ষের পত্র অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে গাড়ীর মূল্য অনুযায়ী সমুদয় টাকা পরিশোধ এবং কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে সম্পূর্ণ গাড়ী গ্রহণ করে অপসারণ কাজ সমাপ্ত করা হবে। এ বিষয়ে অত্র প্রতিষ্ঠানের কোন প্রকার আপত্তি থাকবেনা এবং অত্র প্রতিষ্ঠানের তরফ থেকে এ বিষয়ে কোন প্রকার আপত্তি উৎথাপন করা হলে তা যে কোন আদালতের নিকট অগ্রাহ্য বলে বিবেচিত হবে।

এমতাবস্থায়, উল্লিখিত গাড়ী ক্রয় করার জন্য অত্র প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদানে বাধিত করবেন।

ধন্যবাদান্তে,

দরপত্র দাতার স্বাক্ষরঃ-----------------

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ঢাকা ২৩২/১, তেজগাঁও শি...

দরপত্র দাতার নাম ও ঠিকানাঃ------------